# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭৩৩/২০১৯-৩৬৪

তারিখ: জুলাই ০২, ২০২০

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
**আইআইডিএফসি ক্যাপিটাল লিমিটেড**
ইউনুস ট্রেড সেন্টার, লেভেল-৭
৫২-৫৩, দিলকুশা
ঢাকা-১০০০।

বিষয়: কমিশনের আদেশের কপি।

কমিশনের জুলাই ০২, ২০২০ তারিখের আদেশ নং বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭৩৩/২০১৯-৩৪৬ আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

02/07/2020

মো: রফিকুন্নবী
সহকারী পরিচালক

অবগতির জন্য অনুলিপি:

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, এসআরএমআইসি, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
৪। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭৩৩/২০১৯-.৬৪৬ তারিখ: জুলাই ৩২., ২০২০

## আদেশ

যেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ (১৯৬৯ সালের অর্ডিন্যান্স নং ১৭) এর ধারা ২(সিসি) মোতাবেক 'কমিশন' মানে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' যা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ (১৯৬৯ সালের অর্ডিন্যান্স নং ১৭) এর ধারা ২(জি) মোতাবেক Al-Faruque Bags Limited 'issuer'হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, ইস্যুয়ার কোম্পানির কর্পোরেট গভার্ন্যান্স সংক্রান্ত বিষয়ে কমিশনের নোটিফিকেশন নম্বর এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪ তারিখ: আগস্ট ০৭, ২০১২ এর ৪ নং শর্ত নিম্নরূপ-

**"4. EXTERNAL/STATUTORY AUDITORS:**

**The issuer company should not engage its external/statutory auditors to perform the following services of the company; namely:-**

**i. Appraisal or valuation services or fairness opinions.**

**........................................................**

**........................................................**

**Audit/certification services on compliance of corporate governance as required under clause (i) of condition No.7."**

যেহেতু, rule no. 16 of Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 states the following-

**"16. Contravention.- If any issuer or any other person related with the issue violates any of the provisions of these Rules or furnishes false, incorrect, misleading information or suppresses any information, the Bangladesh Securities and Exchange Commission may take appropriate actions under the Securities and Exchange Ordinance, 1969."**

যেহেতু, ইস্যুয়ার কোম্পানি জুলাই ০১, ২০১৮ ইং তারিখে কমিশন বরাবর আইপিও আবেদন করে যাতে ভিন্ন নিরীক্ষক কর্তৃক Corporate Governance Compliance Certificate ইস্যু না করে বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিষ্ঠান ARTISAN, Chartered Accountants এর মাধ্যমে কোম্পানীর আইপিও প্রসপেক্টাসে Corporate Governance Compliance Certificate প্রদান করেছে, যা উপর্যুক্ত আইনের পরিপন্থী;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানির আইপিও প্রক্রিয়াকরণের জন্য ইস্যু ম্যানেজার হিসেবে IIDFC Capital Limited নিয়োজিত এবং ইস্যু ম্যানেজার আইপিও প্রসপেক্টাসে সবকিছু যথাযথ আছে মর্মে Due Diligence Certificate প্রদান করেছে;

যেহেতু, বর্ণিত Corporate Governance Compliance Certificate ভুল থাকা স্বত্বেও ইস্যু ম্যানেজার কর্তৃক Due Diligence Certificate প্রদান করা হয়েছে যা কমিশনের আইন ও সংশ্লিষ্ট বিধি বিধানের পরিপন্থী;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

যেহেতু, উপর্যুক্ত আলোচ্য বিষয়ে আইন ভঙ্গের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের এপ্রিল ২৮, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭৩৩/২০১৯/২৪১ স্মারকমূলে ইস্যু ম্যানেজার IIDFC Capital Limited -কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা মে ১৩, ২০১৯ইং তারিখে শুনানিতে উপস্থিত হয়ে পত্র নং ICL/BSEC-Enforcement/2019/28 এর মাধ্যমে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করে-

*"Dear Sir,*
*We are replying herewith with respect of your show cause notice vide no. BSEC/Enforcement/2733/2019-241 dated April 28, 2019 that we have received a Corporate Governance Compliance Certificate from our statutory auditor on May 24, 2018 under the compliance of corporate governance guidelines vide no. SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7$^{th}$ August 2012 for submitting with IPO draft prospectus to BSEC. Actually we have much aware on the said corporate governance guidelines and even we didn't find any restriction in the above said guidelines to receive Compliance Certificate from the Statutory Auditor.*

*On the other hand, the BSEC released a new Corporate Governance Code vide no. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018 and after that when we got a deficiency letter from BSEC on our company's IPO file, among others where demand a revised corporate governance compliance certificate from a different professional firm, in that case we have provided accordingly a revised compliance certificate from a different professional firm to BSEC.*

*We are very sorry to say, unfortunately and unintentionally removing our eyes on the amendment notification of the corporate governance guidelines vide no. SEC/CMRRCD/2006-158/147/Admin/48 on July 21, 2013 and gazette published on August 20, 2013 where includes a clause '(ix)' under condition no. 4, where it was restricted to receive certification on compliance of corporate governance from the statutory auditor of the Company. Actually it's our mistake and we should have more aware about the notifications & orders of the Regulator.*

*With due respect we seek apology for such unintentional mistake and we assure you for the best of our services and committing to be more careful and aware about such activities in the future."*

যেহেতু, ইস্যু ম্যানেজার IIDFC Capital Limited সংশ্লিষ্টরা আনীত অভিযোগ স্বীকার করেছে এবং অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির উদ্দেশ্যে প্রাথমিক গণপ্রস্তাবের জন্য কমিশনে আবেদন করেছে, কিন্তু ইস্যু ম্যানেজার IIDFC Capital Limited



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

কর্তৃক বর্ণিত আইন পরিপালনে ব্যর্থতার কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার পরিস্থিতি সৃষ্টি হয়েছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, ইস্যু ম্যানেজার IIDFC Capital Limited কমিশনের সকল আইন ও বিধি বিধান পরিপালনের শর্তে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান এবং তারা আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 **এর** Section 22 **এর অধীন শাস্তিযোগ্য অপরাধ**;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যু ম্যানেজার IIDFC Capital Limited জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শাস্তি প্রদান করল-

(১) ইস্যু ম্যানেজার IIDFC Capital Limited - এর উপর ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

02/09/2020

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। **ব্যবস্থাপনা পরিচালক**, আইআইডিএফসি ক্যাপিটাল লিমিটেড।



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd